

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ৫৮০. ২০১৫- ৭৪৭

তারিখঃ ২৫/৭/১৫

বিষয়ঃ রীট পিটিশন নং-১২২৬৪/২০১৫ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিড-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের উপজেলা-১ শাখার গত ২৫-০২-২০১৬খ্রিঃ তারিখের ২৬১ সংখ্যক আয়ক।

পিরোজপুর জেলাধীন নাজিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম খানকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২২৬৪/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত কর্তৃক গত ০৮-০২-২০১৬খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০৩(তিন) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়। সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশের সার্টফাইড কপি সংগ্রহপূর্বক সরকার পক্ষে আপীল দায়েরসহ নিষেধাজ্ঞা ভ্যাকোটকরণ এবং মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার ঘটনার প্রকৃত বিবরণী ও আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

২৫/৭/১৫

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
৯৫৪০৯৯৫

ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।